

বাংলাদেশের আকাশে রয়েল বেঙ্গলের প্রথম এয়ারক্রাফট

ব্রিটিশ বাংলাদেশীদের বিনিয়োগে প্রতিষ্ঠিত রয়েল বেঙ্গল এয়ারলাইন জার্মানীস্থ বিশ্বখ্যাত সিরাস কোম্পানী থেকে কেনা প্রথম বিমান ড্যাস-৮ জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর ঢাকায় গিয়ে পৌঁছেছে। রয়েল বেঙ্গলের এ স্মরণীয় মুহূর্তে কোম্পানীর ডাইরেক্টরবৃন্দ ঢাকায় মিলিত হন। উল্লেখ্য যে এভিয়েশন জগতের অন্যতম শীর্ষস্থানীয় লুফতানজার সহযোগী প্রতিষ্ঠান সিরাস উক্ত এয়ারক্রাফটের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করে তা ইউরোপিয়ান জেএআর স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পন্ন করে যাতে সর্বোত্তম নিরাপত্তা ও যাত্রীসেবা নিশ্চিত হয়।

এ উপলক্ষে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে উপস্থিত রয়েল বেঙ্গল গ্রুপের চেয়ারম্যান আব্দুল কাাদির চৌধুরী বিনিয়োগকারী এবং শুভানুধ্যায়ীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এর মধ্য দিয়ে আমাদের আনুষ্ঠানিক যাত্রা শুরু হল। এখনও আমাদের আরো অনেক কিছু অর্জন করার আছে। ইন্শাআল্লাহ আমরা আমাদের লক্ষ্যে এগিয়ে যাবো।

এভিয়েশন জগতে অভিজ্ঞতা সম্পন্ন রয়েল বেঙ্গল টিম আভ্যন্তরীণ রুটে যাত্রা শুরুর পূর্বে বেশ কিছু প্রস্তুতি ও প্রমোশনাল ফ্লাইট পরিচালনা করবে। শুরুতে রয়েল বেঙ্গল ঢাকা-সিলেট ও ঢাকা-চট্টগ্রাম রুটে ফ্লাইট পরিচালনা করবে। এ প্রসঙ্গে বাংলাদেশে রয়েল বেঙ্গলের সহযোগী কোম্পানী এভিয়ানা এয়ারয়েজ লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর স্কেয়াড্রন লিডার (অবঃ) সৈয়দ হাবিবুর রহমান বলেন - আমাদের দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন প্রশিক্ষিত কর্মীবৃন্দ সর্বোত্তম যাত্রীসেবা, সর্বোচ্চ যাত্রী নিরাপত্তা দিতে বদ্ধ পরিকর এবং ইন্শাআল্লাহ রয়েল বেঙ্গল টিম তার জন্য সম্পূর্ণ প্রস্তুত”।

কোম্পানীর লক্ষ্য খুব শীঘ্রই ব্যাপক চাহিদা সম্পন্ন আভ্যন্তরীণ ও আঞ্চলিক নতুন রুটে আরও ফ্লাইট চালু করা। এছাড়াও আন্তর্জাতিক রুটে ফ্লাইট চালুর প্রয়োজনীয় এয়ারক্রাফট এবং বিনিয়োগের জন্য বর্তমানে রয়েলবেঙ্গল টিম বেশ কয়েকটি সংস্থার সাথে কাজ করে যাচ্ছে। বাংলাদেশের উল্লেখযোগ্য সকল বিমান বন্দরে রয়েলবেঙ্গলের সেল্‌স এবং চেক-ইন কাউন্টার স্থাপনের কাজ চলছে। এছাড়াও ইতিমধ্যে সিলেট, ঢাকা এবং চট্টগ্রামে সেল্‌স এবং কর্পোরেট অফিসের কাজ শেষ হয়েছে। খুব শীঘ্রই এ সমস্ত সেল্‌স ও কর্পোরেট অফিস সমূহ উদ্বোধন করা হবে।